দৈনিক জনকণ্ঠ

তারিখ 19 OCT 1995
পৃষ্ঠা ৭ কলাম ৪

৬

# শিক্ষামন্ত্রীর আগমনকে কেন্দ্র করে ধানীখোলায় চরম উত্তেজনা

ময়মনসিংহ থেকে নিজস্ব সংবাদদাতা॥ আগামী ২১ অক্টোবর ত্রিশাল থানার ধানীখোলায় শিক্ষামন্ত্রী ব্যারিস্টার জমির উদ্দিন সরকারের সফরকে কেন্দ্র করে ব্যাপক

(শেষ পৃষ্ঠা ২ কঃ দেখুন)

## শিক্ষামন্ত্রীর আগমনকে

(প্রথম পাতার পর)

উত্তেজনা দেখা দিয়েছে এবং স্থানীয় বিএনপি দ্বিধাবিভক্ত হয়ে পড়েছে।

বুধবার সন্ধ্যা ৭টায় ময়মনসিংহ প্রেসক্লাবে এক সাংবাদিক সম্মেলনে ধানীখোলা ইউনিয়ন বিএনপির আহ্বায়ক সাইফউদ্দিন তরফদার বলেছেন, কোন প্রকার আলোচনা ছাড়াই ইউনিয়ন ও থানা বিএনপিকে পাশ কাটিয়ে টাইমস সম্পাদক মাহবুব আনামের আমন্ত্রণে শিক্ষামন্ত্রী ধানীখোলা আসলে প্রতিরোধ করা হবে এবং কালো পতাকা ও বিক্ষোভ প্রদর্শন করা হবে। এ নিয়ে এলাকায় ব্যাপক উত্তেজনা বিরাজ করছে।